

ধুলি-পিঙ্গল জটাজুট মেলে-  
আমার প্রলয় সুন্দর এলে ॥  
পথে-পথে  
পথে-পথে ঝরা কুসুম ছড়িয়ে  
রিক্ত শাখায় কিশলয় জড়িয়ে  
গৈরিক উত্তরী গগনে উড়িয়ে-  
বুদ্ধ ভবনের দুয়ার ঠেলে ॥  
বৈশাখী পূর্ণিমা-টাদের তিলক  
তোমারে পরাবে,  
মোর অঙ্ল দিয়া তব জটা নিঙাড়িয়া  
সুরধুনী ঝরাবো।  
যে মালা নিলে না আমার ফাগুনে,  
জ্বালাব তারে তব রূপের আগুনে,  
মরণ দিয়া তব চরণ জড়াব-  
হে মোর উদাসীন, যেও না ফেলে ॥